

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
হাইকোর্ট বিভাগ, ঢাকা।  
(পত্র বিনিময় শাখা)  
[www.supremecourt.gov.bd](http://www.supremecourt.gov.bd)

বিজ্ঞপ্তি নং ২৪৭

-জি

তারিখঃ- ১০/৪/২০১৬ খ্রিঃ

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগে ব্যক্তিগত কর্মকর্তা পদে সরাসরি নিয়োগের মাধ্যমে মুক্তিযোদ্ধা কোটায় নির্বাচিত নিম্নলিখিত ছকে বর্ণিত দুইজন প্রার্থীর সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধা সনদের সঠিকতা সম্পর্কিত প্রত্যয়ন পত্র পাওয়ায় তাঁদেরকে প্রচলিত ভাতাদিসহ জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৬০০০/- (জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ৮০০০-৪৫০×৭-১১১৫০-ইবি-৪৯০×১১-১৬৪৫০/-) টাকার বেতন স্কেলে ২য় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা হিসেবে কর্মে যোগদানের তারিখ হতে ০২ (দুই) বৎসরের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে শিক্ষানবিশ হিসেবে নিয়োগ প্রদান করা হলো। বিভাগীয় প্রার্থী পে-প্রটেকশনের সুবিধা পাবেন।


ক্রমিক নং	নিয়োগ প্রাপ্ত ব্যক্তির নাম ও পিতার/স্বামীর নাম	নিয়োগকৃত পদের নাম
১।	মোঃ আলিফুজ্জামান(বিভাগীয় প্রার্থী) পিতা- মোঃ আব্দুল খালেক	ব্যক্তিগত কর্মকর্তা
২।	মোছাঃ তানজিলা বানু পিতা-মৃত তৈমুর আলম	ব্যক্তিগত কর্মকর্তা

নিয়োগপ্রাপ্ত ব্যক্তিগণকে আগামী ২৪/০৪/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে কাজে যোগদানের জন্য নির্দেশ প্রদান করা হ'ল।

## শর্তাবলীঃ-

- ১। চাকুরীতে যোগদানের সময় তার বয়স, শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতার প্রমাণ স্বরূপ সকল প্রয়োজনীয় মূল/ প্রভিশনাল সার্টিফিকেট দাখিল করতে হবে।
- ২। কোম্প্রার্থী নির্দিষ্ট তারিখের মধ্যে কাজে যোগদান না করলে তার নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।
- ৩। এই নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রদান করা হ'ল। তাকে বিনা নোটিশ বা কোন প্রকার কারণ প্রদর্শন ব্যতিরেকেই যে কোন সময় চাকুরীচ্যুত করা যাবে।
- ৪। তার শিক্ষানবিশকালীন কর্ম সন্তোষজনক হলে তাকে চাকুরীতে স্থায়ী করার বিষয় যথাসময়ে বিবেচনা করা হবে।
- ৫। প্রার্থীকে চাকুরীতে যোগদানের সময় ১৯৬৬ সালের অস্থায়ী চাকুরী বিধি অনুযায়ী একটি প্রতিশ্রুতি (আন্ডার টেকিং) ফরম ও অত্র কোর্ট কর্তৃক নির্ধারিত ফরমে আন্ডার টেকিং পূরণ করতে হবে এবং নিজ খরচে ঢাকার নির্ধারিত সিভিল সার্জন/মেডিকেল বোর্ড এর নিকট হতে শারীরিক যোগ্যতার সনদপত্র সংগ্রহপূর্বক দাখিল করতে হবে।
- ৬। কাজে যোগদানের পর যথানিয়মে প্রত্যেক প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন গ্রহণ করা হবে যা' অবশ্যই সন্তোষজনক হতে হবে।
- ৭। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত সাময়িকভাবে প্রত্যায়িত মুক্তিযোদ্ধার সনদটি চূড়ান্ত যাচাই-বাছাইয়ে মুক্তিযোদ্ধার সঠিকতা সম্পর্কে বিরূপ কোন তথ্য পাওয়া গেলে গৃহীত সমুদয় সুবিধাদি প্রত্যর্পণ করতে বাধ্য থাকবেন এবং যোগদানের সময় এ মর্মে একটি অঙ্গীকারনামা সম্পাদন করতে হবে।
- ৮। কাজে যোগদানের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।

আদেশক্রমে,



(মোঃ আজিজুল হক)

ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)

ফোন-৯৫৬৬৮২৬।


স্মারক নং- ২১২৬(১৫)

-জি,

তারিখঃ- ২৪/০৪/২০১৬খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারী পরিবহন পুল ভবন, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
- ৩। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা। ইহা বাংলাদেশ গেজেটে প্রকাশ করতঃ উহার ১০ কপি অত্র কোর্টের পত্র বিনিময় শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, রুম নং-৫২৮, ৫ম তলা, সি,জি,এ, ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, আই,টি শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (ওয়েব সাইটে প্রচারের জন্য)।
- ৭। হিসাব রক্ষণ কর্মকর্তা-১, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৮। সুপারিনটেনডেন্ট, সাধারণ ও সংস্থাপন শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৯। মোঃ আলিফুজ্জামান, পিতা- মোঃ আব্দুল খালেক, গ্রাম-মোহননগর, ডাকঘরঃ গোবরা চাঁদপুর, উপজেলা-কুমারখালী, জেলা-কুষ্টিয়া।
- ১০। মোছাঃ তানজিলা বানু, পিতা- মৃত তৈমুর আলম, গ্রাম-পাটোয়ারী পাড়া, ডাকঘরঃ ধাক্কারা, উপজেলা-পঞ্চগড় সদর, জেলা-পঞ্চগড়।

  
10.04.16

(মোঃ তাছিম বিলিয়াহ)

সহকারী রেজিস্ট্রার (প্রশাসন)

ফোনঃ ৯৫৮৮৪২৯

E-mail: [motasim\\_ar@supremecourt.gov.bd](mailto:motasim_ar@supremecourt.gov.bd)